## স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

### বাংলা

### সেমেস্টার : ২ : কোর্স : ৩

### বাংলা নাটক

**সময় : ৩ ঘণ্টা** | **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। 'সধবার একাদশী'তে একটি উদ্দেশ্য কাজ করেছে— আলোচনা করো। ১০

২। 'সধবার একাদশী'-র সংলাপ সম্পর্কে আলোচনা করো। ১০

৩। 'সধবার একাদশী'-র নারী চরিত্রের পরিচয় দাও। ১০

**একক - ২**

৪। 'টিনের তলোয়ার' নাটক শুধুই উনিশ শতকের 'শৈলেন্দ্রসদৃশ' বাংলার থিয়েটার ব্যক্তিত্বের প্রতি উত্তরকালের সম্মান-তর্পণের নাটক নয়। বরং বিশ শতকের সাংস্কৃতিক রাজনীতির সংকটকালে উনিশ শতককে পুনর্বীক্ষণের নাটক।— মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

৫। 'টিনের তলোয়ার' নাটকের ঐতিহাসিক উপাদানগুলি পর্যালোচনা করো। ১০

৬। 'টিনের তলোয়ার' নাটকে 'টিনের তলোয়ার' কীভাবে প্রতিবাদের ইস্পাতের তলোয়ার হয়ে উঠল তার পরিচয় দাও। ১০

**একক - ৩**

৭। 'এবং ইন্দ্রজিৎ'-কে অ্যাবসার্ড নাটক বলা যায় কিনা— আলোচনা করো। ১০

৮। নাটকের নাম 'এবং ইন্দ্রজিৎ' কেন— এ বিষয়ে তোমার মতামত দাও। ১০

৯। 'ইন্দ্রজিৎ বোলো না। আমি ইন্দ্রজিৎ নই। আমি নির্মল'— 'এবং ইন্দ্রজিৎ' নাটকের সূত্রে এই নামান্তর প্রসঙ্গ কীভাবে ব্যাখ্যা করবে আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি**) : ২×৫=১০

(ক) 'সধবার একাদশী'-র ভোলা চরিত্র

(খ) সুরাপান-নিবারণী সভা

(গ) নাট্য নিয়ন্ত্রণ আইন ১৮৭৬

(ঘ) বীরকৃষ্ণ দাঁ

(ঙ) অমল-বিমল-কমল

(চ) মানসী